

40

বাকবি উপাচার্য তদন্ত কমিটিকে সহযোগিতার আহ্বান জানিয়েছেন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য ডঃ শাহ মুহাম্মদ ফারুক
গতকাল সংশ্লিষ্ট সকল মহলকে তদন্ত
কমিটির কাছে তাদের বিবরণ জমা
দেয়ার আহ্বান জানিয়েছেন। গত
শনিবারের সংঘর্ষ তদন্ত করতে ওই
তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

জয়নুল আবেদীন মিলনায়তনে
তিনি কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের
কাছে ক্যাম্পাস পরিস্থিতি বর্ণনা করে
বলেন, প্রয়োজনীয় প্রত্যক্ষদর্শীর অভাবে
তদন্ত কমিটি সুষ্ঠুভাবে কাজ করতে
সক্ষম হবে না। তিনি ক্যাম্পাসে শিক্ষার
পরিবেশ নিশ্চিত করতে ছাত্র, শিক্ষক,
কর্মকর্তা, অভিভাবক ও রাজনৈতিক
নেতাদের প্রতি সহযোগিতার আবেদন
জানান। তিনি বলেন, ছাত্রদের মধ্যে
রাজনৈতিক মতভেদ থাকতে পারে।
তাই বলে ক্যাম্পাস যুদ্ধক্ষেত্র নয়।
তিনি বলেন, ছাত্ররা নিজেদের মধ্যে
রক্তক্ষয় সংঘর্ষে লিপ্ত হবে এবং তার
ফলে বিজয় দিবসে হত্যাকাণ্ড ঘটবে
এটা অত্যন্ত দুঃখজনক।

এদিকে গোয়েন্দা শাখা অভিযান
চালিয়ে গতকাল শাহজালাল হলের
দেয়ালের বাইরে থেকে একটি একনলা
বন্দুক উদ্ধার করেছে। ইউএনবি।